গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.deo.netrokonasadar.netrokona.gov.bd

স্মারক নং: ৩৮.০১.৭২৭৪.০০০.০০০.১৬.০০০১.২৫.৪৭৭ তারিখ: ১০ চৈত্র ১৪৩১ / ২৪ মার্চ ২০২৫

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার সদর উপজেলার শিমুলজানি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেহগনি গাছ ০১ (এক) টি এবং রেন্ট্রি গাছ ০১ (এক) টি আগামী ১৬/০৪/২০২৫ খ্রি. বেলা-১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুমে প্রকাশ্যে নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী সকলকে অনুরোধ করা হলো।

**নিলামের শর্তাবলী:**

০১। ডাককারীকে নিলামে অংশগ্রহণের পূর্বে বিদ্যালয়ের গাছগুলো সরজেমিন দেখে আসতে হবে। পরবর্তীতে এ ব্যাপারে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০২। ডাকে অংশগ্রহণের পূর্বে ১৫/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস সময়ে নিম্নস্বাক্ষরকারীর নামে যে কোন তফসিলি ব্যাংক থেকে বিদ্যালয়ের বিপরীতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট জামানত হিসেবে প্রদান করতে হবে। উল্লেখ্য, নিলামের দিন কোন ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।

৩।সর্বোচ্চ দরদাতাকে ঐ দিনই নিলামের নগদ টাকা এবং বিধি মোতাবেক নিলাম ডাকের ভ্যাট ও আয়করের টাকা উপজেলা প্রাথমি শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা বরাবর জমা প্রদান করে কার্যাদেশ গ্রহণ করতে হবে। অন্যথায়, ২য় সর্বোচ্চ দরদাতা বিধি মোতাবেক ডাক প্রাপ্ত হবেন।

০৪। কার্যাদেশ প্রপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিজ খরচে গাছ কর্তনপূর্বক অপসারণ করতে হবে।

০৫। নির্ধারিত সময়ের মধ্যে ডাককৃত মালামাল অপসারণে ব্যর্থ হলে পরবর্তী প্রতিদিনের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে সুরক্ষা জামানত হতে কর্তন করা হবে।

০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ডাককারীর ডাক বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

24-3-25

(মোঃ আসাদুজ্জামান)
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ফোন (অফিস): ০২- ৯৯৬৬৫১৫৮৮
E-mail: ueonetsadar@gmail.com

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে :**

১। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২। প্রধান শিক্ষক, শিমুলজানি সপ্রাবি, নেত্রকোণা সদর, নেত্রকাণা।
৩। অফিস কপি।

CamScanner